শ্রীশ্রীদুর্গা —

শরণং —

বিধবা বিবাহ নিষেধ বিষয়কব্যবস্থা

এবং তদীয় ভাষার্থ সংগৃহীত হইয়া ধর্ম্ম সভার অনুমত্যনুসারে মুদ্রিত হইল।

শকাব্দাঃ ১৭৬৭।

সনাব্দাঃ ১২৫৩।

1845

বিধবার পুনর্ব্বার বিবাহ হইবার শাস্ত্র প্রচার করিয়া কোন পণ্ডিতাভিমানী এক ব্যবস্থা পত্র প্রস্তুত করত বৃটিস ইণ্ডিয়া সোসাটী নামক সমাজে প্রেরণ করিয়াছিলেন অভিপ্রায় তদ্দ্বারা তাহা গবর্ণমেণ্টে প্রদত্ত হয় কিন্তু ঐসমাজের সম্পাদক শ্রীযুত উলিয়ম থিওবৌলড সাহেব ঐ ব্যবস্থার যাথার্থ্যাযাথার্থ্য নিশ্চয় করণার্থ স্বীয়াভিপ্রায়ক লিপি সম্বলিত ঐ ব্যবস্থা পত্র ধর্ম্মসভায় প্রেরণ করেন অনন্তর ধর্ম্মসভাধ্যক্ষ পণ্ডিতগণ কর্ত্তৃক তদুত্তর ব্যবস্থাপত্র প্রস্তুত হইয়া উক্ত সম্পাদকের নিকট পাঠান গিয়াছে তাহার মর্ম্মার্থ সর্ব্বসাধারণ গোচরার্থ তদবিকল সংস্কৃত এবং তদীয় ভাষার্থ সমাজের অনুজ্ঞানুসারে প্রকাশ করা গেল যদ্যপিও বিশিষ্ট শিষ্ট ধর্ম্মিষ্ঠগণের বিলক্ষণ বিজ্ঞান আছে যে বিধবার পুনর্ব্বার বিবাহ হইবার শাস্ত্র নাই তথাপি অজ্ঞ অনভিজ্ঞ ব্যক্তিগণের পূর্ব্বোক্ত বিরুদ্ধ ব্যবস্থাভাসে মনশ্চাঞ্চল্য না জন্মে তজ্জন্য এই প্রাড়ম্বর সুতরাং করিতে হইল ইতি——

বিজ্ঞাপন।

-যেমত মহাদীপ্তির প্রভাবে সামান্য দীপ্তি সকল মালিন্য প্রাপ্ত বা
লুক্কায়িত হয় তদ্রূপ মহাম্লেচ্ছ মত সধবাবিবাহ প্রচলিত হওয়া উচি-
ত্যর প্রমাণ দ্বারা সামান্য ম্লেচ্ছমত বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচি-
ৎ অপ্রমাণ হয়। নাস্তিকতার এক্ষণও তাদৃশ প্রাদুর্ভাব হয় নাই
। মহাম্লেচ্ছমত সাধারণ সঙ্গত বোধ করে অতএব ইহা প্রকাশে মহা-
ম্লেচ্ছমত প্রচলিত না হইয়া সামান্য ম্লেচ্ছমতের বিপক্ষতা সাধন
রিবে। কোনং লম্পট কখনং বেশ্যার কর্ত্তৃক বিশেষরূপ প্রতারি-
হইলে তখন যেমত তাহাদের জ্ঞানোদয় হয় ও বেশ্যাগণের সামান্য
তারণা সকল হৃদয়ঙ্গম হয় তদ্রূপ মহাপ্রতারণা স্বরূপ (অত্যন্ত অস-
ত) মহাম্লেচ্ছমত সপ্রমাণে সামান্য ম্লেচ্ছমত সপ্রমাণ করিলেও অপ্র-
ণ এমত অনেকেরই হৃদয়ঙ্গম হইবে।

মহাম্লেচ্ছমত প্রকাশে বিশেষতঃ স্বামীর ক্লৈব্য প্রমাণে বিশেষ
লে অশ্লীল প্রায় শব্দ প্রয়োগ করিতে হইয়াছে কিন্তু সমুদয় গ্রন্থ
ঠ করিলে গ্রন্থমর্ম্ম বুঝিবেন অথচ উক্ত রূপ শব্দপ্রয়োগ একান্ত আব-
সুতরাং তদ্ব্যবহারে বোধ করি অনেকে আমাকে না দোষ দিতে
রেন। বাক্যবিন্যাসে যে সমুদায় ত্রুটি জন্মিয়াছে পণ্ডিত মহো-
গণ সমুদয় মার্জ্জনা করতঃ পাঠ করিলে আমার শ্রমের সার্থ-
হইবে।

শ্রীগোবিন্দচন্দ্র শর্ম্মা।

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩	১৩	ভ্রূণহত্যার	ভ্রূণহত্যার
৪	৯	জাতিয়	জাতীয়
৪	৩২	নিয়ল	নিয়ম
৫	৮	হয়যে	হয়, যে
৫	৯	করে। সুবোধ	করে, সুবোধ
৫	২৯	কতক	নানা
৫	৩০	নানা	কতক
৭	৬	মাহাত্মেচ্ছ	মহাত্মেচ্ছ
৭	১৯	যাহা	যাহা
৮	২৪	গান্ধারির	গান্ধারীর
৯	১৮	থাখিতেং	থাকিতেং
৯	২৯	সুখদায়িক	সুখদায়ক
১১	৩	বংশবক্ষের	বংশাপক্ষের
১১	২৪	পুনর্বিবাহ	পুনর্বিবাহ
১৫	৬	কয়ক	কয়েক
১৭	২৩	হইবেক	রাখিবেক
২১	২	থাকে	থাকে
২১	৪	পান	পায়
২১	২২	তাহার পিতামহের	তাহার পিতামহ যে প্রপিতামহের

শ্রীশ্রীদুর্গা।

শরণং।

বিধবা বিবাহ নিষেধ বিষয়ক ব্যবস্থা

নাস্তিকম্লেচ্ছাতিরিক্ত ব্রাহ্মণাদি সকল জাতীয় স্ত্রীণাং সপতিকানাং পতিমাত্র পরায়ণত্ব রূপৈক পরমধর্ম্মো নিত্যো মন্বাদিভির্ব্বিহিতঃ। পতিত্যাগে চ পাতিত্যমপি বিহিতং। বিধবানান্তু তাসাং মম্বারোহণ ব্রহ্মচর্য্য মাত্ররূপো দ্বিবিধঃ পরমোধর্ম্মো নিত্যানিত্যফলকতয়া তারতম্যেন ব্যবস্থিতঃ।

যথা মনুঃ। নাস্তি স্ত্রীণাং পৃথগ্‌যজ্ঞো ন ব্রতং নাপ্যুপোষণং। পতিং শুশ্রূষতে যত্তু তেন স্বর্গে মহীয়তে ইতি। শঙ্খঃ। কামং ভর্ত্তুরনুজ্ঞয়া ব্রতোপবাস নিয়মেজ্যাদীনামভ্যাসঃ স্ত্রীধর্ম্ম ইতি। কাত্যায়নঃ। পতিশুশ্রূষয়ৈব স্ত্রী সর্ব্বান্ কামান্ সমশ্নুতে। ইতি। দেবলঃ। পতিশুশ্রূষা সহধর্ম্মচর্য্যা তৎপূজ্যমানপূজনমিত্যাদি। স্ত্রীধর্ম্ম ইতি শেষঃ। শঙ্খ বচনান্তরং। ন ব্রতৈর্নো

ব্যাসেন ধর্ম্মেণ বিবিধেন চ। নারী স্বর্গমবাপ্নোতি প্রাপ্নোতি পতিপূজনাদিতি। কাশীখণ্ডং। ক্লীবং বা দুরবস্থং বা ব্যাধিতং বৃদ্ধমেব বা। সুস্থিতং দুঃস্থিতং বাপি পতিমেবং ন লঙ্ঘয়েদিতি। কন্যাং বিবাহসময়ে বাচয়েয়ুরিতি দ্বিজাঃ। ভর্ত্রা সহ চরীভূয়া জীবতাজীবতাপিবেতি। যা পতিং সংপরিত্যজ্য পুরুষান্তর মাশ্রয়েৎ। কামাৎ ক্রোধাত্তথান্যস্মাৎ পতিতা সা প্রকীর্ত্তিতা। ন সা দৈবে নাপি পৈত্রে বিনিযোজ্যা দ্বিজাতিভিরিতি। মৃতে জীবতি বা পত্যৌ যান্যং পুরুষমাশ্রয়েৎ। পশুধর্ম্মবতী সা হি ত্যাজ্যা বধ্যাপিবা ভবেদিতি সত্যাষাঢ় পারস্কর বচনে চ। অতএব মনুঃ। সূক্ষ্মেভ্যোহপি প্রসঙ্গেভ্যঃ স্ত্রিয়ো রক্ষ্যা বিশেষতঃ। দ্বয়োর্হি কুলয়োঃ শোক মাবহেয়ু ররক্ষিতা ইতি। স্বল্পেভ্যোহপি দুঃসঙ্গেভ্যো দৌঃশীল্যসম্পাদকেভ্যো বিশেষেণ স্ত্রিয়ো রক্ষণীয়া ইতি কুল্লকভট্ট ব্যাখ্যানঞ্চ। বিষ্ণুঃ। মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণম্বেতি। অত্র ব্রহ্মচর্য্যং প্রধানং অক্ষয়ফলকত্বাৎ অন্বারোহণন্তু কাম্যত্বান্নিকৃষ্ট মিতি মিতাক্ষরাদৌ ব্যক্তং। বৃহদ্ধর্ম্মপুরাণং। বিধবানান্তু নারীণাং ব্রহ্মচর্য্যং সদৈব হীতি। আপস্তম্বঃ। ভর্ত্তুঃ পিতুঃ স্বজনস্য বা গৃহমাশ্রিত্য সংযতজিহ্বাহস্তপাদেন্দ্রিয়া স্বাচারবতী দিবারাত্রং ভর্ত্তারমনুশোচতী ব্রতোপবাসৈঃ কৃশাঙ্গী আয়ুষোহন্তে পতিলোকং জয়তীত্যাদি। নারদঃ। কামন্তু ক্ষপয়েদ্দেহং পুষ্পমূলফলৈঃ শুভৈঃ। নতু নামাপি গৃহ্নীয়াৎ পত্যৌ প্রেতে পরস্য তু ইতি। ব্যাসঃ। মৃতে

ভর্ত্তরি সাধ্বী স্ত্রী ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। ব্রহ্মচর্য্যং মৈথুনাদি বর্জ্জনরূপমিতি স্মার্ত্তভট্টাচার্য্যপ্রভৃতিভিঃ সপ্রমাণমুক্তং দ্রষ্টব্যং। কাশীখণ্ডং। অনুযাতি ন ভর্ত্তারং যদি দৈবাৎ কথঞ্চন। তত্রাপি শীলং সংরক্ষেচ্ছীলভঙ্গাৎ পতত্যধঃ। পত্যৌ মৃতে চ যা যোষিদ্বৈধব্যং পালয়েৎ সদেত্যাদি বচনৈ বিধবানাং বৈধব্য পালনাদি রূপ শীলরক্ষণং নিত্যধর্ম্মমুক্ত মিতি। তেন কলিযুগে ব্রহ্মচর্য্যব্যবস্থানমেব স্ত্রীধর্ম্ম ইতি মহা প্রামাণিক স্মৃতি চন্দ্রিকাকারলিখনঞ্চেতি।

তদনেন সধবাবিধবয়ো র্দ্বয়োরেব যেন কেনাপি প্রকারেণ পূর্ব্বপতিভিন্ন পুরুষান্তরাশ্রয়ণং পরমোহসদ্ধর্ম্ম ইতি পরমার্থঃ। নিরূপিত দ্বিবিধানিন্দিত স্ত্রীধর্ম্মাতিরিক্ত তাদৃশ স্ত্রীধর্ম্মস্য বেদা গম স্মৃতি পুরাণাদিষ্বনুপলভ্যমানত্বাৎ। স্বকপোলকল্পিত হেত্বাভাস সমর্থিতাসৎস্ত্রীধর্ম্ম পুনর্ভবনস্য সৎস্ত্রীধর্ম্মতা ব্যবস্থা বিদ্বদ্ভিরনাদেয়া। তথাহি পুনর্ভবনধর্ম্মো হি পুরুষান্তরা শ্রয়ণরূপঃ সধবানাং বিধবানাঞ্চ সম্ভবতি। তত্র সধবানাং স্ত্রীধর্ম্ম প্রকরণীয়ৈঃ পূর্ব্বোক্ত মুনিবচনৈ র্বক্ষ্যমাণৈশ্চ বচনৈঃ পতিমাত্র পরায়ণত্বোক্ত্যা পতিত্যাগপূর্ব্বক পুরুষান্তরাশ্রয়ণে চ পাতিত্য দৈবপৈত্রকর্ম্মানর্হত্ব ত্যাজ্যত্ব বধ্যত্ব কুলাধমত্ব কুলনাশিত্ব বিবাহপর্য্যুদস্তত্বোক্ত্যা চ পুনর্ভবন ধর্ম্মস্য স্ত্রীধর্ম্ম প্রকরণানুপাত্তস্য সাধুগর্হিতস্য শাস্ত্রপ্রতিপাদিতবেশ্যা তস্করধর্ম্মবৎ সদনুষ্ঠেয়াসদ্ধর্ম্মত্বং ব্যক্তং প্রতীয়তে। বিধ বানামপি স্ত্রীধর্ম্ম ব্রহ্মচর্য্যস্য নিত্যানুষ্ঠেয়ত্বপ্রতিপাদনেন

ইন্দ্রিয়নিগ্রহকর্ত্তব্যতোপদেশেন পতিমরণানন্তরং পরপুরুষ
স্যোহপি গ্রহণনিষেধেন চ সধবানামিব বিধবানামপি পুরুষা
ন্তরাশ্রয়ণে পাতিত্য দৈবপৈত্রবর্জ্জত্ব বিবাহপর্য্যদস্তত্ব কুলা
ধমত্ব কুলবিনাশিত্ব সদনাচরণীয়াচারবত্ত্বাদ্যুক্তেঃ পুনর্ভবন
কর্ম্মো বেশ্যাধর্ম্মইব সাধুভির্নিরসনীয়ইতি চ প্রতীয়তে।

নচ পুনর্ভবনকর্ম্মণঃ শাস্ত্রপ্রতিপাদিতত্বাৎ কথমসদ্ধর্ম্মত্বং
সাধুভিরননুষ্ঠেয়ত্বঞ্চেতি বাচ্যং বেদবোধিতেষ্টসাধনতাকস্যৈব
কর্ম্মণো ধর্ম্মত্বাৎ। অতএব শ্রেয়ঃসাধনং ধর্ম্ম ইত্যুক্তং মধ্বা
দিভির্মীমাংসকৈশ্চ। যদি বেদবোধিতত্বমাত্রেণৈব কর্ম্মণো
ধর্ম্মত্বমিষ্টং তদাভিচারবেশ্যাতস্কর ধর্ম্মাণামপি বেদবোধিতত্বা
দ্ধর্ম্মত্বং স্যাৎ। ইষ্টাপত্তৌ শ্রেয়ঃ সাধনং ধর্ম্মঃ বেদবোধি
তেষ্টসাধনতাকোধর্ম্মইত্যাদ্যাপ্তিযুক্তমুন্যাদ্যুক্তধর্ম্মলক্ষণং ব্যাহ
ন্যেত। প্রকৃতে তু পুনর্ভবনকর্ম্মণো বহুতরানিষ্টমাত্রসাধক
ত্বান্নোক্তলক্ষণধর্ম্মত্বমিতি বিদ্বদ্ভিরাদরণীয়ং।

নচ পূর্ব্বতরৈঃ কৈশ্চিৎ সাধুভিরাচরিতত্বেন সদাচারানুমিত
বেদমূলকত্বং তস্য কথং ব্যাহন্যেতেতি বাচ্যং নানাবচনবিরো
ধাৎ। সদাচরণস্যাপি শ্রুত্যনুমাপকত্বাভাবাচ্চ। অতএব মীমাং
সাকৃতা তদপুত্রেণৈবোক্তশ্রুতিবিরোধাৎ বিশ্বামিত্রাদীনাং শ্বপ
চান্নভক্ষণাদিবৎ ন শ্রুত্যনুমাপকত্বমিতি ধ্যেয়মিত্যুক্তং। অত
এব দত্তায়াঃ সধবায়া বিধবায়াশ্চ পুনরধিবেদনে বর্জ্জ্যত্বাভি
ধানাৎ পর্য্যদস্তত্বং নিন্দাশ্রবণাৎ দুরদৃষ্টাভিগমেন চ প্রসক্ত্য
প্রতিষেধত্বঞ্চ। অপিচ তত্রব্রহ্মচর্য্যো লক্ষণ্যাং স্ত্রিয়মুদ্বহেৎ।

অনন্যপূর্ব্বিকাং কান্তামসপিণ্ডাংযবীয়সীমিতি। সপ্তপৌনর্ভবাঃ কন্যা বর্জনীয়াঃ কুলাধমাঃ। বাচাদত্তা মনোদত্তা কৃতকৌতুকমঙ্গলা। উদকস্পর্শিতা যা চ যা চ পাণিগৃহীতিকা। অগ্নিং পরিগতা যা চ পুনর্ভূপ্রভবা চ যা। ইত্যেতাঃ কাশ্যপেনোক্তা দহন্তি কুলমগ্নিবদিতি যাজ্ঞবল্ক্য কাশ্যপবচনাভ্যামুক্তং॥ পৌনর্ভবইতিস্বার্থেহনপ্রত্যয়ইতি টীকাকারঃ। ততশ্চ পুনর্ভবন ধর্ম্মস্যাপি বর্জ্জ্যাইত্যনেন পর্য্যুদস্তত্ব লাভাৎ ন ভার্য্যাত্ব নিষ্পাদকত্বং তেন পুনরুদ্বাহিতাপি পুনর্ভূর্ন পত্নী কিন্তু অবরুদ্ধা স্ত্রীবিশেষঃ। অতএব ন সা দৈবে নাপি পৈত্রে ইত্যুক্তং। কুলাধমত্ব কুলদাহকত্ব নিন্দাশ্রবণাচ্চ প্রসজ্যপ্রতিষেধত্বেন প্রত্যুতাধর্ম্মপ্রয়োজকত্বমেব ইত্যবগন্তব্যং। অতএব স্মৃতি চন্দ্রিকায়ামপি স্বৈরিণীবদাচরণনিষেধার্থমাহ পানাশনদিবাস্বপ্ন ইত্যাদ্যুক্তং। তেন চান্যপূর্ব্বায়াঃ পুনর্ভবনাদিধর্ম্মাচরণং প্রতিষিদ্ধমিত্যবগন্তব্যং। অত্রানন্যপূর্ব্বা নাম দানেনোপভোগেন বা পুরুষান্তরাপরিগৃহীতেতি। অন্যপূর্ব্বা তু। অক্ষতা চ ক্ষতা চৈব পুনর্ভূঃ সংস্কৃতা পুনঃ। স্বৈরিণী যা পতিং হিত্বা সবর্ণং কামতঃ শ্রয়েৎ। অন্যপূর্ব্বা দ্বিবিধা পুনর্ভূঃ স্বৈরিণী চেতি। পুনর্ভূরপি দ্বিবিধা ক্ষতা চাক্ষতা চ। অত্র ক্ষতা সংস্কারাৎ প্রাগেব পুরুষসম্বন্ধদূষিতা। অক্ষতা পুনঃ সংস্কারদূষিতা। এবং সর্ব্বপ্রকারেণ অন্যপূর্ব্বাপর্য্যুদাসে প্রাপ্তে বিশেষমাহেতি মিতাক্ষরোক্তেশ্চ পুনর্ভূস্ত্রিয়াঃ পুরুষসম্বন্ধদূষিতত্বসংস্কারদূষিতত্ব লাভেন পুনর্ভবনধর্ম্মস্য দুষ্টধর্ম্মত্বমেব নতু সাধুধর্ম্মত্বমিতি

ব্যক্তং। অতএব, কুলটা স্বৈরিণী চান্যাঃ পরপূর্ব্বাঃ স্ত্রিয়স্তথা। পতিতাস্তাহি বিজ্ঞেয়াস্তত্তদাচরণং ত্যজেদিতি বিবেকটীকা ধৃতপারস্করবচনেনাপি পুনর্ভূস্ত্রীণাং পাতিত্যমুক্ত্বা তদ্ধর্ম্মাচরণং নিষিদ্ধং। কিঞ্চ। সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। ইতি মনুবচনেনাপি কন্যায়াঃ সকৃদ্দানাভিধানেন বিবাহিতায়াঃ পুনরধিবেদননিষেধাৎ পুনর্ভবন ধর্ম্মো বেশ্যাধর্ম্মইব সাধুভিরপরিপোষণীয়ঃ। অতএব স্মার্ত্ত ভট্টাচার্য্যৈরুক্তং। কন্যায়াঃ সকৃদ্দানন্ত পাণিগ্রহণসংস্কার যুক্তকন্যাবিষয়মিতি। তস্মাদেদং বাগ্‌দত্তাবিষয়ং। বাগ্‌দানেন কন্যানিষ্ঠ পিতৃস্বত্বানপগমাৎ বাগ্‌দানান্তরস্যাপি সম্ভবাৎ। অতএব অন্যেভ্যোহপি দত্তায়ামনূঢায়ান্তু যত্র বৈ ইতি কাত্যায়নবচনং তৈরেব পঠিতমিতি বিস্তরস্তূদ্বাহতত্ত্বেহনুসন্ধেয়ঃ। অতএব মনুনৈব ব্যক্তং বিধবাবেদনং নিষিদ্ধ্যতে যথা। নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতে ক্বচিৎ। ন বিবাহবিধাবুক্তং বিধবাবেদনং পুনঃ। অয়ং দ্বিজৈর্হি বিদ্বদ্ভিঃ পশুধর্ম্মোবিগর্হিতঃ। মনুষ্যাণামপি প্রোক্তো বেণে রাজ্যং প্রশাসতি। স মহীমখিলাং ভুঞ্জন্ রাজর্ষিপ্রবরঃপুরা। বর্ণানাং সঙ্করঞ্চক্রে কামোপহতচেতনঃ। ততঃ প্রভৃতি যো মোহাৎ প্রমীতপতিকাং স্ত্রিয়ং। নিয়োজয়ত্যপত্যার্থে তং বিগর্হন্তি সাধবইতি।

নচ নোদ্বাহিকেষ্বিত্যাদি বচনং নিয়োগাঙ্গবিবাহ বিষয়মিতি কৈশ্চিদুক্তং যুক্তমিতিবাচ্যং যস্যা ম্রিয়েত কন্যায়া বাচা সত্যেকৃতে পতিরিত্যাদি বচনোক্ত বাগ্‌দত্তা নিয়োগাঙ্গবিবাহ বিধি

বদ্বিধবায়া নিয়োগস্যাঙ্গীভূতবিবাহস্যাপ্রসক্তেস্তৎপ্রতিষেধানু পপত্তেঃ। তদপ্রসক্তিশ্চ বিধবায়া নিয়োগার্থে নিবন্ধে তু যথাবিধি। গুরুবচ্চ স্নুষাবচ্চ বর্ত্তেয়াতাং পরস্পর মিত্যুক্তেঃ। তথাহি বিধবায়া নিয়োগপ্রয়োজন সন্তান সম্পাদন কার্য্যে নিষ্পন্নে পূর্ব্বসম্বন্ধানুসারেণৈব ব্যবহার্য্যতা বিধানাৎ বিবাহপ্রসক্তির্দূরাপেতা বিবাহিতয়োস্তাদৃশকালাৎপত্ত্যনন্তরং পূর্ব্বসম্বন্ধানুসারি ব্যবহারাভাবাৎ। নিয়োগ নিষেধেনৈব হি তদঙ্গবিবাহস্যাপি নিষেধে সিদ্ধেবিকলোহয়ং বিবাহ নিষেধঃ স্যাদিতি। নিয়োগনিষেধে মন্ত্রলিঙ্গাভাবস্য বিধবা বেদন নিষেধে বিবাহবিধ্যভাবস্য চ হেতুত্বেনোক্তে র্ভিন্নভিন্ন হেতুত্বলাভাৎ স্বাতন্ত্র্যেণৈব ভিন্নকার্য্যং বিধিদ্বয়স্য প্রতীয় মানত্বাৎ। কীর্ত্ততে উক্তমিতি ক্রিয়াদ্বয়োপন্যাসেনাপি নিরপেক্ষবিধিদ্বয়স্যৈব লাভাচ্চ মন্ত্রলিঙ্গাভাবান্নিয়োগো ন কার্য্যঃ বিধ্যভাবাৎ বিধবাবেদনং নানুষ্ঠেয়মিতি বিধিদ্বয়মেব প্রতীয়তে ইতিবোধ্যং।

তথা কালৌ বিধবাবেদননিষেধং ব্যক্তমুক্তং বৃহন্নারদীয়া দিত্যপুরাণাভ্যাং যথা। দেবরেণ সুতোৎপত্তিরিত্যাদি। দত্তায়া শ্চৈব কন্যায়াঃ পুনর্দানং বরস্য চেত্যাদ্যভিধায়। ইমান্ ধর্ম্মান্ কলিযুগে বর্জ্যানাহুর্মনীষিণ ইতি। দেবরেণ সুতোৎপত্তির্দত্ত কন্যা প্রদীয়তে। ইত্যাদ্যভিধায়। এতানি লোকগুপ্ত্যর্থং কলে রাদৌ মহাত্মভিঃ। নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ। সময়শ্চাপি সাধূনাং প্রমাণং বেদবদ্ভবেদিতি। যচ্চাত্র সময়শ্চা

সাধূনামিত্যাদ্যুক্তের্ন তস্য বেদমূলকত্বমিতি কৈশ্চিদুক্তং তদ্ জ্ঞানশব্দমতিবিলসিতং যদয়ং বচনার্থঃ মহাত্মভির্বুধৈর্মুনিভির্বেদোক্তযুগধর্ম্ম ব্যবস্থাপূর্ব্বকং নিবর্ত্তিতানি নিষিদ্ধানীত্যর্থবশেন বেদমূলকত্বস্য স্ফুটং প্রতীয়মানত্বাৎ। নচ বুধৈর্নিবর্ত্তিতানীত্যভিধানাৎ ন বেদৈর্নিবর্ত্তিতানি ইত্যুপলভ্যত ইতি বাচ্যং। গৌণকালত্বমিচ্ছন্তি কেচিৎ প্রাক্তনকর্ম্মণি ইতি। বিবাহশুদ্ধিং বদন্তি সর্ব্বে ইত্যাদি বচন প্রতিপাদিতস্যাপি কর্ম্মণো ভবদুক্তযুক্ত্যা ন বেদমূলকত্বং স্যাৎ। প্রমেয়স্য বেদমূলকত্বাভাবে প্রমাণস্যাপি তদভাবাৎ উক্তপুরাণ বচনানা মপ্রামাণ্যং স্যাৎ। বেদমূলকত্বেনৈব তেষাং প্রামাণ্যস্য কর্ম্মব্রহ্মমীমাংসকয়ো র্জৈমিনিসূত্রেণাভিধানাৎ। তস্য হি বেদমূলকত্বাভাবে পুরাণস্মৃতে র্বেদানুমাপকত্বাভাবাৎ স্মৃত্যধিকরণ বিরুদ্ধ সিদ্ধান্ত প্রসঙ্গো দুষ্পরিহরশ্চ স্যাদিতি। লোকগুপ্ত্যর্থমিত্যনেনাপ্যেতদভিহিতং যদন্যস্মিন্ যুগে ভূরিপুণ্যবতা তেজস্বিনা কেনাপি কিঞ্চিদনিষ্টাচরণং কৃতমপি ন লোকক্ষয়করং তেষাং পুণ্যবলাদেব পাপনিবৃত্তিঃ সম্ভবতি কলৌ তু স্বল্পপুণ্যবতা কৃতং কিঞ্চিদনিষ্টাচরণমপি লোকক্ষয়করমতো লোকরক্ষার্থং নিবর্ত্তিতানীতি। এবঞ্চ কলৌ মুনিসংগৃহীত বেদোক্ত বিধবাবেদন নিষেধে। অস্বর্গ্যং লোকবিদ্বিষ্টং ধর্ম্মমপ্যাচরেন্ন তু। ইতি মিতাক্ষরাধৃতবচনাৎ সদাচারমপি প্রমাণমিতি সময়শ্চাপীতি। নিবর্ত্তিত কর্ম্মসু সাধূনাং সময়শ্চাপি বেদবৎ প্রমাণং ভবেৎ স্যাদিত্যর্থঃ। তথাচাত্র বেদ সদাচারৌ

স্যাদেব প্রামাণ্যমিত্যবগন্তব্যং অন্যথা চকারাপিকারয়োর্বৈয়র্থ্যমাপদ্যতে। হোলাকাধিকরণন্যায়েনাপ্যত্র সদাচারানুমিত বেদমূলকত্বমিত্যপি ব্যক্তং স্মার্ত্তকর্ম্মণাং স্মৃতিলিঙ্গানুমিত বেদমূলকত্ববদিতি।

অতএব যুগধর্ম্মাঃ পরিগ্রাহ্যাঃ সর্ব্বত্রৈব যথোদিতমিত্যনন্তরং দেবরেণ সুতোৎপত্তির্বানপ্রস্থাশ্রমগ্রহঃ। দত্তাক্ষতায়াঃ কন্যায়াঃ পুনর্দানং পরস্য বৈ ইত্যাদি, কলৌ যুগে ত্বিমান্ ধর্ম্মান্ বর্জ্যানাহুর্মনীষিণ ইত্যন্ত মদনপরিজাতধৃত সারসংগ্রহ বচনেষু যথোদিতমিত্যভিধানাৎ বেদোদিতত্বমেব লভ্যতে তেনৈষাং বেদমূলকত্বং বচনৈরেবোক্তমপহ্নোতুমশক্যং। ততশ্চ কস্য যুগস্য কে কে ধর্ম্মাঃ শ্রুত্যুদিতা ইত্যপেক্ষায়ামাহ দেবরেণেত্যাদি। অত্র ভ্রান্তানাং প্রত্যক্ষবেদমূলকত্বাভাব শঙ্কানিবৃত্ত্যর্থং বর্জ্যানাহুর্মনীষিণ ইত্যেতাবন্মাত্রমুক্তং নত্বত্র সদাচারঃ প্রমাণমিত্যপ্যুক্তং। অতএব ততঃ প্রভৃতি যো মোহাৎ প্রমীতপতিকাং স্ত্রিয়ং। নিযোজয়ত্যপত্যার্থে তং বিগর্হন্তি সাধব ইতি মনুবচনং। ততঃ প্রভৃতি বেণকালাৎ প্রভৃতি মৃতভর্ত্তৃকাদিস্ত্রিয়ং শাস্ত্রার্থাজ্ঞানাদপত্যনিমিত্তং দেবরাদৌ নিযোজয়তীত্যাদি কুল্লূকভট্টেন ব্যাখ্যাতং। মৃতভর্ত্তৃকাদি স্ত্রিয়মিত্যত্রাদিপদেন দত্তা পুনর্ভূ স্বৈরিণী বিশেষান্তর স্ত্রীণামপি গ্রহণং বোধ্যং অবিরোধাৎ। এবঞ্চ শাস্ত্রার্থাজ্ঞানাদিতিহেতূক্তেঃ পুনর্ভবননিবৃত্তি ধর্ম্মস্য শাস্ত্রার্থ জ্ঞান মূলকত্বা

ভিধানেনৈব বেদমূলকত্বমভিহিতং তেনাপি। এবং পুনর্ব্ব বনাদ্যসৎস্ত্রীধর্ম্মস্য ব্যবস্থাপকানাং শাস্ত্রার্থজ্ঞানরাহিত্যমপি তেনৈবোক্তমিত্যবধেয়ং। তপোদানসমাযুক্তাঃ কৃত ত্রেতা যুগে নরাঃ। দ্বাপরে চ কলৌ নৃণাং শক্তিহানির্হি নির্ম্মিতা। অনেকধা কৃতাঃ পুত্রা ঋষিভির্যৈঃ পুরাতনৈঃ। ন শক্যন্তে অধুনা কর্ত্তুং শক্তিহীনৈরিদন্তনৈরিতি বার্হস্পত্যেনাপি কলাব নেকপ্রকারপুত্রকরণস্য বিধিমুখেনৈব নিষিদ্ধত্বাৎ তত্র পৌন র্ভবপুত্রীকরণস্যাপি নিষেধপ্রাপ্তেঃ পুনর্ভবন ধর্ম্মনিষেধোবেদ মূলকএবেতি প্রতিপাদিতং। মনুরপ্যেতান্ সংক্ষিপ্ত বচনে নৈব বিধিনা নিবর্ত্তয়ন্ বেদমূলকত্বং ব্যক্তমাহ যথা। অন্যে কৃতযুগে ধর্ম্মা স্ত্রেতায়াং দ্বাপরে পরে। অন্যে কলিযুগে নৃণাং যুগহ্রাসানুরূপত ইতি। এতেনান্যযুগধর্ম্মবিশেষা অন্য যুগে নাচরণীয়া ইতি বিধিঃ কল্প্যত ইতিবোধ্যং। পূর্ব্বেষাং তপোদানতত্ত্বজ্ঞানমহাশক্তিশালিনাং মুনীনাং বিধিনিষেধা ধিকাররহিতানাং নিন্দিত ধর্ম্মাচরণেঽপি ন ক্ষতিঃ। ইদানীন্ত নানামতাদৃশানাং তাদৃশাচরণে তু মহাননর্থএবেতি দ্রষ্টব্যং। যৎ পুনরপি পূর্ব্বকৃতসাধুনিয়মপ্রামাণ্যবৎ ইদানীন্তন সাধু কৃত পুনর্ভবন ধর্ম্মস্যাপি প্রামাণ্যমপহ্নোতুং কথং শক্যমিতি তাৎপর্য্যেণ তৈরুক্তং তদপি বিদ্বদ্ভিরনাদেয়ং পুনর্ভবনাদি ধর্ম্ম ব্যবস্থাপনস্য শাস্ত্রার্থ জ্ঞানাভাব মূলকত্বস্য পূর্ব্বমেব প্রতি পাদিতত্বাৎ। কলৌ সাধুশব্দপ্রতিপাদ্য পুরুষাসম্ভবাচ্চ। তথাহি। বিদ্বদ্ভিঃ সেবিতঃ সদ্ভির্নিত্যমদ্বেষরাগিভিঃ। হৃদয়ে

সাত্ত্বানুজ্ঞাতো যো ধর্ম্মস্তং নিবোধত। ইতি মনু বচনং। অস্য মেধাতিথিব্যাখ্যানং বিদ্বদ্ভিরিতি বিদ্বাংসঃ শাস্ত্রসংস্কৃতমতয়ঃ প্রমাণপ্রমেয়স্বরূপাভিজ্ঞান কুশলাঃ তেচ বেদার্থ বিদো নান্যে। দ্বেষরাগয়োরুপলক্ষণত্বাৎ লোভাদেরপি গ্রহণং। বিদ্বদ্ভিরদ্বেষ রাগিভিরিতি বিশেষণদ্বয়ং সদ্ভিরিত্যস্য হেতুগর্ভং তেন যতো বিদ্বদ্ভিরদ্বেষরাগিভিরতএব সদ্ভিরিতি সাধুতাবচনস্য তত্রেষ্ব সমাম্নানাৎ। নিত্যমিত্যনেনানাদিকালপ্রবৃত্ততাং দর্শয়তি। মূর্খদুঃশীলাদি প্রবর্ত্তিতা ধর্ম্মাঃ কিয়ন্তং কালং লব্ধাবসরাঅপি অন্তর্ধীয়ন্তে নহি যুগসহস্রানুবর্ত্তিনো ভবন্তীতি সংক্ষেপইতি। তেন রাগ দ্বেষ লোভ মোহ প্রমাদাদি দোষ রাহিত্যে সতি বেদার্থজ্ঞান কুশলত্বং সাধুত্বমিতি সাধুলক্ষণং সম্পন্নং।

অতএব ব্যক্ত মুক্তং পরশুরামপ্রকাশে আচারোল্লাসে প্রবোধময়ূখে চ সন্তঃ শিষ্টা স্তল্লক্ষণমাহ বৌধায়নঃ। শিষ্টাঃ খলু বিগতমৎসরা নিরহঙ্কারা ন কুম্ভীধান্যা অলোলুপাঃ সাক্ষাদ্বেদার্থজ্ঞা দম্ভ দর্প মোহ ক্রোধাদি বর্জ্জিতা ইতি। শিষ্টা নামাচরণং সদাচারঃ। তদাহ হারীতঃ। সাধবঃ ক্ষীণদোষাস্তু সচ্ছব্দঃসাধুবাচকঃ। তেষামাচরণংযত্তু স সদাচার উচ্যতে ইতি।

অতএব শক্তিহীনৈ রিদন্তনৈ রিত্যাদ্যুক্তং। ধর্ম্ম লক্ষণ প্রতিপাদক বিদ্বদ্ভিস্ত্বিত্যাদি মনু বচনেন সাধুসেবিতস্য অনাদি প্রবৃত্তস্যৈব ধর্ম্মত্বাভিধানাদসাধু সেবিতত্বেন সাদিত্বেন চ পুন র্ব্বিবাহস্যাধর্ম্মত্বমেব প্রকটীকৃতং যথা নিয়োগং বিধবাবেদন ক্রোপক্রম্যাহ মনুঃ। অয়ং দ্বিজৈর্হি বিদ্বদ্ভিঃ পশুধর্ম্মো

বিগর্হিতঃ। মনুষ্যাণামপি প্রোক্তো বেণে রাজ্যং প্রশাসতীতি। অত্র কুল্লূকভট্টঃ যস্মাদয়ং পশুসম্বন্ধী মনুষ্যাণামপি ব্যবহারো বিদ্বদ্ভির্নিন্দিতঃ যোহয়মধার্ম্মিকে বেণসংজ্ঞকে রাজনি রাজ্যং কুর্ব্বাণে কর্ত্তব্যতয়া প্রোক্তঃ। অতো বেণাদারভ্য প্রবৃত্তোহয়মাদিম্মানিতি নিন্দ্যতে ইতি। অতঃ পুনর্ভবন ধর্ম্মস্যাধার্ম্মিক বেণ রাজ প্রবৃত্তত্বেন সাদিত্বাৎ বিদ্বন্নিন্দিতত্বাচ্চ সর্ব্বদৈব হেয়ত্ব মাবিষ্কৃতং। পুনর্ভবন ধর্ম্মস্য বেণেনৈব প্রবর্ত্তিতত্বাভি ধানাৎ বেদাপ্রবর্ত্তিতত্ব প্রতীতের্ন বেদমূলকত্বমিতি।

ননু বেণ রাজমাত্র প্রবর্ত্তিতস্য পুনর্ভবন ধর্ম্মস্য কথং শাস্ত্র বোধিতত্বং সংগচ্ছতে ইতিচেন্ন। শাস্ত্রোক্তমেব হ্যসদ্ধর্ম্মং সদ্ধ র্ম্মতয়া অসন্তঃ প্রবর্ত্তয়ন্তি। তথাহি। শাস্ত্রে সাধুধর্ম্মাসাধু ধর্ম্মাবুপদিশ্যেতে একস্যানুষ্ঠানার্থমপরস্য জ্ঞানার্থং। সদা চরণ সিদ্ধ্যর্থং হি অসদ্ধর্ম্মজ্ঞান মপেক্ষতে। তত্রাধার্ম্মিকৈর সদ্ধর্ম্ম এবানুষ্ঠেয়ার্থং পরিগৃহ্যতে যথা বেণপরিগৃহীতঃ শাস্ত্রো ক্তা সদ্ধর্ম্মরূপঃ পুনর্ভবন ধর্ম্মঃ। বিবেকটীকায়াং কাত্যায়ন বচনং। ব্যতিরেকেণ ধর্ম্মাণাং জ্ঞানার্থমৃষিভিঃ পুরা। নানুষ্ঠেয়ং ততঃ সদ্ভির্ধর্ম্মাভাস নিরূপণমিতি।

এতদেব ব্যক্তমুক্তং মনুনা। সদ্ভিরাচরিতং যৎ স্যাৎ ধার্ম্মিকৈশ্চ দ্বিজাতিভিঃ। তদ্দেশকুলজাতীনামবিরুদ্ধং প্রচ [illegible]তে ইতি।

যচ্চ ব্রহ্মচর্য্যাশক্তস্ত্রীণাং দোষ দৃষ্ট্যা পুনর্ভবন ধর্ম্ম ব্যব স্থান মুক্তং তদপি যথা পঙ্কেন পঙ্কাম্ভঃ সুরয়া বা সুরাকৃত

মিতি শ্রীভাগবতীয়স্য বৃশ্চিকভিয়া পলায়মানস্যাগ্নীবিষমুখে পতনমিত্যুক্তাভাণকস্য চ বিষয়ত্বাদতীবহাস্যাস্পদং পুনর্ব্বিবাহ ধর্ম্মস্য বহুতর দোষ প্রযোজকত্বাদিত্যলমতিপল্লবিতেন।

যস্মাদুক্ত সন্দর্ভেন পাতিত্য দৈবপৈত্রকর্ম্মবর্জ্জ্যত্ব বধ্যত্ব বিবাহপর্য্যুদস্তত্ব কুলাধমত্ব কুলবিনাশিত্ব সদনাচরণীয়াচার বত্ত্বাদি দোষ প্রযোজকত্বাৎ সাদিত্বেন বিদ্বন্নিন্দিতত্বেন চ সর্ব্বদেশজাতিকুলবিরুদ্ধধর্ম্মত্বাৎ বেশ্যাপ্রায়ধর্ম্মত্বাচ্চ পুনর্ব্বিবাহ ধর্ম্মঃ সাধুভিরপরিপোষণীয় ইতি সাধীয়সী ব্যবস্থেতি সতাং মতং।

ধর্ম্মসংসৎপতি শ্রীল রাধাকান্তনৃপাজ্ঞয়া।
ব্যবস্থা ব্যাহৃতা সাধ্বী শ্রীরামজয় শর্ম্মণা॥

ধর্ম্মসভা পণ্ডিতাধ্যক্ষাণাম্।

শ্রীরামজয় শর্ম্মণাম্।	শ্রীকান্তিচন্দ্র শর্ম্মণাম্।
শ্রীসর্ব্বানন্দ শর্ম্মণাম্।	শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মণাম্।
শ্রীরামনারায়ণ শর্ম্মণাম্।	শ্রীগুরুপ্রসাদ শর্ম্মণাম্।
শ্রীকাশীনাথ শর্ম্মণাম্।	শ্রীবিশ্বনাথ ভট্টানাং।
শ্রীরামনারায়ণ শর্ম্মণাম্।	শ্রীজয়গোপাল শর্ম্মণাম্।
শ্রীরামমাণিক্য শর্ম্মণাম্।	শ্রীপ্রাণকৃষ্ণ শর্ম্মণাম্।

উক্তব্যবস্থার ভাষার্থ।

নাস্তিক এবং ম্লেচ্ছ ব্যতীত ব্রাহ্মণাদি সকল জাতীয়া সধবা স্ত্রীদিগের কেবল স্বামি ভক্ত হওয়াই পরম ধর্ম্ম ইহা মন্বাদি

কর্ত্তৃক বিহিত হইয়াছে এবং পতিকে পরিত্যাগ করিলে পাতিত্যও জন্মে। অপর বিধবাদিগের সহমরণ অথবা ব্রহ্ম চর্য্য এই দুইমাত্র পরম ধর্ম্ম তন্মধ্যে নিত্যফল দায়ক ব্রহ্মচর্য্য আর অনিত্য ফলদায়ক সহগমন এই প্রকার তারতম্যে ব্যবস্থা করিয়াছেন।

ইহার প্রমাণ।

মনু কহেন, স্ত্রীদিগের স্বতন্ত্র যজ্ঞ নাই ব্রত নাই উপবাস নাই পতিকে যে শুশ্রূষা করা তদ্দ্বারাই স্বর্গ হয়। শঙ্খ কহেন, ভর্ত্তার আজ্ঞা হইলে স্ত্রীলোক ব্রতাদি পুনঃ পুনর্ব্বার করিতে পারে ইহাই স্ত্রীলোকের ধর্ম্ম। কাত্যায়ন কহেন, স্ত্রীলোক স্বামিশুশ্রূষা দ্বারাই সকল কামনা সিদ্ধ করে। দেবল কহেন, স্ত্রীলোকের ধর্ম্ম এই যে স্বামিশুশ্রূষা এবং তাঁহার সহিত ধর্ম্মাচরণ করা ও তৎপূজনীয় ব্যক্তিকে পূজাকরা। শঙ্খ অপর কহেন, ব্রত কিম্বা উপবাস অথবা নানাবিধ ধর্ম্ম করিলে স্ত্রীলোকের স্বর্গ হয় না কিন্তু পতিসেবাতেই তাহা হয়। কাশীখণ্ডে ব্যক্ত হয়, স্বামী যদি নপুংসক অথবা দুরবস্থাপন্ন বা ব্যাধিযুক্ত বা বৃদ্ধ বা দরিদ্র হয় তথাচ তাহাকে পরিত্যাগ করিবেকনা। বিবাহ সময়ে কন্যাকে ব্রাহ্মণেরা এই কথা কহিবেন যে ভর্ত্তার জীবনে বা মরণে সহচরী হইবা। পার স্কর কহেন, যে স্ত্রী ইচ্ছা পূর্ব্বক অথবা ক্রোধবশত কিম্বা অন্য কোন কারণে পতি পরিত্যাগ করিয়া অন্য পুরুষকে অব লম্বন করে সে পতিতা হয় ব্রাহ্মণাদিরা তাহাকে কি দৈব

কি পৈত্র কোন কর্ম্মে নিযুক্ত করিবেন না। পতিসত্ত্বে অথবা মরণান্তে যে স্ত্রী অন্য পুরুষ আশ্রয় করে সে পশু তুল্যা তাহাকে পরিত্যাগ অথবা বধকরা কর্ত্তব্য। এজন্য মনু কহেন, ক্ষুদ্র দুঃসঙ্গ হইতেও স্ত্রীদিগকে রক্ষাকরা অত্যাবশ্যক যেহেতু উপেক্ষা করিলে স্ত্রীলোক উভয় কুলের শোক বিধান করে। বিষ্ণু কহেন, ভর্ত্তার মৃত্যু হইলে স্ত্রীলোক ব্রহ্মচর্য্যা অথবা সহগমন করিবেক। এই স্থলে মিতাক্ষরা ব্যাখ্যা করেন, ব্রহ্মচর্য্যাই প্রধান যেহেতু তদ্দ্বারা অক্ষয় ফল জন্মে আর সহগমন কাম্যপ্রযুক্ত তদপেক্ষা অপ্রধান। বৃহদ্ধর্ম্ম পুরাণে ব্যক্ত হয়, বিধবা স্ত্রীদিগের ব্রহ্মচর্য্যা নিত্য কর্ত্তব্য। আপস্তম্ব কহেন, বৈধব্য হইলে স্ত্রীলোক ভর্ত্তার কিম্বা পিতার অথবা আত্মীয় ব্যক্তির আলয়ে থাকিয়া সংযত কৃত্যা হইয়া আচার পূতা থাকিবেক এবং দিবা রাত্রি ভর্ত্তৃশোকাকুলা থাকিয়া ব্রতোপবাস দ্বারা শরীর ক্ষীণ করত আয়ুঃশেষ হইলে পতিলোকে গমন করে। নারদ কহেন, বৈধব্য হইলে বিহিত পুষ্প মূল ফলদ্বারা দেহোচিত সময় যাপন করিবেক অন্যপুরুষের নাম গ্রহণও করিবেকনা। ব্যাস কহেন, ভর্ত্তার মৃত্যু হইলে পতিব্রতা স্ত্রী ব্রহ্মচর্য্যা করিবেক। ব্রহ্মচর্য্যাপদে মৈথুনাদি পরিত্যাগ ইহা স্মার্ত্তভট্টাচার্য্য প্রভৃতি গ্রন্থকর্ত্তারা সপ্রমাণ ব্যাখ্যা করিয়াছেন। কাশীখণ্ডে ব্যক্ত হয়, স্ত্রীলোক যদি দৈবাধীন কোন প্রকারে সহগমন করিতে না পারে তবে শীল রক্ষা করিবেক কিন্তু যদি সেই শীল ভঙ্গ হয় তবে অধঃ

পতন হইবেক। ইত্যাদি বাক্য কহিয়া বিধবা স্ত্রীর বৈধব্য পালন স্বরূপ শীল রক্ষাই নিত্যধর্ম্ম কহিয়াছেন। এই নিমিত্ত কলিযুগে ব্রহ্মচর্য্যা করাই বিধবা স্ত্রীর ধর্ম্ম ইহা মহাপ্রামানিক স্মৃতি চন্দ্রিকাকার লিখিয়াছেন।

অতএব সধবা এবং বিধবার যে কোন প্রকারে পূর্ব্বপতি ব্যতীত অন্যপুরুষাশ্রয় করা অত্যন্ত কুকর্ম্ম ইহাই যথার্থ। পূর্ব্বোক্ত দুই প্রকার অনন্দিত স্ত্রীধর্ম্ম ব্যতীত পুরুষান্তরাশ্রয় করা বেদে এবং আগম ও স্মৃতি কিম্বা পুরাণাদিতে উপলব্ধি হয়না এইহেতুক স্বকপোল কল্পিত এবং হেতুর ন্যায় বাক্য দ্বারা যোজিত স্ত্রীগণের যে পুনর্ব্বার বিবাহ তাহাকে যে সৎ স্ত্রীধর্ম্ম কহা তাহা পণ্ডিতেরা গ্রাহ্য করেন না। দেখ অন্যপুরুষাশ্রয়রূপ যে পুনর্ভবন অর্থাৎ দ্বিতীয়বার বিবাহ তাহা সধবা বিধবা উভয়ের প্রতি সম্ভব হইতেছে তন্মধ্যে সধবাগণের স্ত্রীধর্ম্ম প্রকরণীয় পূর্ব্বোক্ত এবং পরে বক্ষ্যমাণ নানা মুনি বচনদ্বারা কথিত হয় যে পতিমাত্র অবলম্বন করিবেক আর পতিত্যাগ করিয়া অন্যপুরুষাবলম্বনে পতিতা হয় এবং দৈবপিতৃকর্ম্মে অনধিকারিণী ও ত্যাগ অথবা বধযোগ্যা হয় কুলকে অধম বা বিনাশ করে এবং সে বিবাহ সিদ্ধি হয় না এই সকল বাক্যদ্বারা সাধুজন বিগর্হিত অথচ স্ত্রীধর্ম্ম প্রকরণে অকথিত যে পুনর্ব্বার বিবাহ তাহা সতের অনুষ্ঠেয় সদ্ধর্ম্ম নয় ইহা স্পষ্টই প্রতীত হইতেছে, যে মত বেশ্যা ও তস্কর ধর্ম্ম শাস্ত্রে উল্লেখিত হইলেও অগ্রাহ্য।

বিধবাদিগেরও স্ত্রীধর্ম্মমধ্যে ব্রহ্মচর্য্যই নিত্যানুষ্ঠেয় কহিয়াছেন এবং ইন্দ্রিয় নিগ্রহের উপদেশ দিয়াছেন ও পতিমরণোত্তর অন্য পুরুষের নাম গ্রহণ পর্য্যন্ত নিষেধ করিয়াছেন ইহাতে সধবার ন্যায় বিধবাদিগেরও অন্য পুরুষাবলম্বনে পাতিত্য ও দৈব পৈত্র্যাদি কর্ম্মানধিকারিতা ও বিবাহাসিদ্ধি ও কুলকে অধম বা বিনাশ করা এবং সদাচারের বিরুদ্ধাচারিণী হওয়া ইত্যাদি দোষ প্রযুক্ত বিধবাদিগের পুনর্ব্বিবাহও বেশ্যাধর্ম্মের ন্যায় সাধুর দিগের অগ্রাহ্য বোধ হইতেছে।

যদি বল স্ত্রীলোকের পুনর্ব্বার বিবাহ শাস্ত্রে কহিয়াছেন প্রযুক্ত তাহা কেন অসদ্ধর্ম্ম এবং কেনইবা অনুষ্ঠেয় নয়। উত্তর, যে কর্ম্ম বেদবোধিত অভিলষিত সিদ্ধি ফলক হয় তাহারি নাম ধর্ম্ম এজন্য মনু প্রভৃতি মীমাংসকেরা কহেন শ্রেয়ঃসাধন ধর্ম্ম। যদি কেবল বেদে উল্লেখ থাকিলেই সেই কর্ম্মের ধর্ম্মসংজ্ঞা হয় তবে অভিচার কর্ম্ম বেশ্যাবৃত্তি এসকল কর্ম্ম বেদে উল্লেখিত আছে ইহারাও ধর্ম্ম হইতে পারে। যদি ইষ্টাপত্তি কর তবে শ্রেয়ঃসাধন ধর্ম্ম বেদবোধিত অভিলষিত সিদ্ধি ফলক ধর্ম্ম ইত্যাদি প্রকারে মুনিগণকর্তৃক উক্ত ধর্ম্মলক্ষণের ব্যাঘাত হউক। প্রকৃত বিষয়ে অর্থাৎ স্ত্রীলোকের পুনর্ব্বার বিবাহ নানা অনিষ্টের মূল এজন্য কথিত ধর্ম্ম লক্ষণ তাহার নাই অতএব বিদ্বানেরা তাহার আদর করেন না।

যদি বল পূর্ব্বে এই কর্ম্ম কোনং সাধু কর্তৃক আচরিত হয় এজন্য সেই সদাচার দ্বারা বেদমূলক অনুমান হইতেছে তাহা র ব্যাঘাত কেন হইবেক। উত্তর, নানা বচনের বিরোধ হয় এবং সদাচার বেদানুমাপক নয় অতএব মীমাংসাকার কহিয়াছেন বিশ্বামিত্র চাণ্ডালায় ভক্ষণ করিয়াছিলেন এই সদাচার দ্বারা শ্রুতির অনুমান হইতে পারে না। অতএব সধবা বিধবার পুনর্ব্বিবাহে বর্জ্য শব্দ প্রয়োগ প্রযুক্ত তাহা দণ্ড্যদস্ত ফলত বিবাহ সিদ্ধি হয় না অথচ দোষ শ্রবণ প্রযুক্ত প্রসজ্যপ্রতিসিদ্ধ অর্থাৎ পাপজনক। যাজ্ঞবল্ক্য এবং কাশ্যপ কহিয়াছেন অবি প্লুত ব্রহ্মচর্য্য হইয়া অনন্যপূর্ব্বিকা স্ত্রীকে বিবাহ করিবেক। সপ্ত প্রকার পুনর্ভূ যাহারাদিগের বিবাহ করিলে কুল অধম হয় তাহা পরিত্যাগ করিবেক বিশেষত বাগ্‌দত্তা, মনোদত্তা, কৃতকৌতুক মঙ্গলা, উদকস্পর্শিতা, পাণিগৃহীতিকা, অগ্নিপরিগতা, এবং পুনর্ভূপ্রভবা ইহারা অগ্নির ন্যায় কুলদগ্ধ করে। তস্মাৎ বর্জ্যপদ প্রয়োগাধীন পুনর্ব্বিবাহে ভার্য্যাত্ব সিদ্ধ হয় না ইহাতে সেই স্ত্রী পত্নী নয় কিন্তু অবরুদ্ধা স্ত্রী বিশেষ এইজন্য তাহাকে দৈব পিতৃকর্ম্মে অনধিকারিণী কহিয়াছেন। আর কুল অধম হয় কুলদাহ করে ইত্যাদি দোষ শ্রবণ হেতুক পুনর্বিবাহ প্রসজ্য প্রতিসিদ্ধ ফলত অধর্ম্ম জনক ইহাও বুঝা যায়। অতএব স্মৃতিচন্দ্রিকাতেও স্বৈরিণীর ন্যায় আচরণ নিষেধের নিমিত্ত কহিয়াছেন যে স্ত্রীলোক পান অশন দিবানিদ্রা ইত্যাদি করিবেক না ইহার দ্বারাও বোধ হয় যে বিবাহিতা স্ত্রীর পুনশ্চ বিবাহ

নিষিদ্ধ কর্ম্ম। অপর অনন্যপূর্ব্বা তাহাকে কহা যায় যে স্ত্রী দানে কিম্বা উপভোগ দ্বারা পুরুষান্তর কর্ত্তৃক পরিগৃহীতা নয়। অন্য পূর্ব্বা দুই প্রকার পুনর্ভূ আর স্বৈরিণী, এই পুনর্ভূও দুইপ্রকার ক্ষতা অক্ষতা, তন্মধ্যে বিবাহ সংস্কারের পূর্ব্বেই পুরুষ সংসর্গ দুষ্টাকে ক্ষতা কহাযায়, আর যাহার পুনশ্চ বিবাহ সংস্কার হয় তাহার নাম অক্ষতা, পরন্তু যে স্ত্রী পতিত্যাগ পূর্ব্বক ইচ্ছাক্রমে সবর্ণ পুরুষান্তর আশ্রয় করে তাহার নাম স্বৈরিণী এই সকল অন্যপূর্ব্বার বিবাহ পর্য্যদস্ত হইয়া মিতাক্ষরা কহেন ইহাতে পুরুষ সংসর্গ দূষিতাই হউক আর পুনঃসংস্কার দূষিতাই হউক স্ত্রী লোকের পুনর্বিবাহ দুষ্টকর্ম্ম সাধুধর্ম্ম নয় ইহা ব্যক্ত হই তেছে। অতএব বিবেকটীকাতে পারস্কর বচন যথা কুলটা স্বৈরিণী পরপূর্ব্বা এসকল স্ত্রী পতিত হয় তজ্জন্য সে আচার পরিত্যাগ করিবেক। এই বচনে পুনর্বিবাহিতার পাতিত্য কহিয়া সে ধর্ম্মাচরণ নিষেধ করেন। অপর একবার মাত্র কন্যার দান হয় মনু এই কথা কহিয়া বিবাহিতা স্ত্রীর পুনর্ব্বি বাহ নিষেধ করেন অতএব সাধুরা বেশ্যাধর্ম্মের ন্যায় ত্যাগ করিয়া সে ধর্ম্মের পোষকতা করেন না। অতএব স্মার্ত্ত ভট্টা চার্য্য ঐ মনু বচন ব্যাখ্যায় কহেন কন্যার একবার মাত্র যে দান তাহা পাণিগ্রহণ সংস্কারযুক্ত কন্যা স্থলে ফলত ঐ বচন বাগ্দান বিষয়ক নয় যেহেতু বাগ্দান করিলে সে কন্যাতে পিতার স্বত্ব ধ্বংস হয় না। এজন্য বাগ্দানান্তর সম্ভব। অত এব অনেকের উদ্দেশে বাগ্দান হইলে কাহাকে কন্যা দিবেক

এই ব্যবস্থা বিষয়ক কাত্যায়ন বচন তাঁহারাই পাঠ করেন। ইহার বিস্তার উদ্বাহতত্ত্বে আছে। অতএব মনু বিধবার পুনর্বিবাহ স্পষ্টত নিষেধ করেন যথা কোন বিবাহ বিষয়ক মন্ত্রে নিয়োগ অর্থাৎ স্ত্রীলোকের পুরুষান্তর আশ্রয় করার কীর্ত্তন করেন নাই এবং বিবাহ বিধিতেও বিধবার পুনর্বিবাহ উক্ত হয় নাই বিধবার বিবাহ পশুধর্ম্মতুল্য ইহা বিদ্বানেরা নিন্দিত কহেন, বেণ রাজার রাজ্য সময়ে এই কর্ম্ম চলিত হয় সেই রাজা পূর্ব্বে সকল পৃথিবী ভোগ করত কামে উপহত চিত্ত হইয়া বর্ণসঙ্কর করিয়াছেন তদবধি যে ব্যক্তি বিধবা স্ত্রীকে সন্তানার্থ অন্যপুরুষে নিযুক্তা করে সাধুরা তাহাকে নিন্দা করেন।

যদিবল উক্ত বচনের অর্থ এই যে যেখানে বাগ্দান হইয়া বরের মৃত্যু হইলে সেই কন্যার সন্তানার্থ তাহার দেবর ঐ কন্যাতে উপগত হইবেক এই প্রকার নিয়োগাঙ্গীভূত বিবাহ সেই স্থলেই ঐ নিষেধ। উত্তর, সে বিষয়ের এ স্থলে প্রসক্তি হয় না তজ্জন্য তাহার নিষেধও হইতে পারেনা যেহেতু মনু কহেন ঐ প্রকার নিয়োগ নিবৃত্ত হইলে অর্থাৎ সন্তানোৎপত্তির পর ঐ কন্যা ও দেবর পূর্ব্বসম্পর্ক যুক্ত হইবেক অর্থাৎ কন্যা দেবরকে গুরুজ্ঞান করিবেন আর দেবর তাঁহাকে বধূজ্ঞান করিবেন অতএব এস্থলে বিবাহ প্রসক্তি কখনই হইতে পারেনা কেননা উভয়ের বিবাহানন্তর সন্তান হইলে পূর্ব্বসম্বন্ধানুসারি ব্যবহার হয় না অতএব উক্ত নিয়োগধর্ম্ম

নিষেধাধীন তদঙ্গ বিবাহের নিষেধ হইয়াছে একারণ পুনর্ব্বার বিবাহ নিষেধ করা বিফল হয়। পরন্তু উক্ত বচনে দুই নিষেধ দৃষ্ট হইতেছে ফলত তাদৃশ নিয়োগ অকর্ত্তব্য এবং বিধবা বিবাহ অনুষ্ঠেয় নয় এই বিধিদ্বয়ের কারণ এই যে বৈবাহিক কোন মন্ত্রে নিয়োগ ধর্ম্ম কহেন নাই এজন্য নিয়োগ ধর্ম্ম নিষিদ্ধ আর কোন বিবাহবিধিতে বিধবার বিবাহ কহেন নাই এজন্য বিধবার বিবাহও নিষিদ্ধ হইল ঐ বচনস্থ কীর্ত্তন ও কথন এই দুই ক্রিয়াদ্বারা দুই বিধি স্পষ্ট বোধ হইতেছে।

অপর বৃহন্নারদীয় পুরাণে ও আদিত্য পুরাণে কলিযুগে বিধবার বিবাহ নিষেধ স্পষ্ট আছে যথা দেবরদ্বারা সন্তানোৎপাদন ও দত্তকন্যার পুনশ্চ দান ইত্যাদি উপক্রম করিয়া কহিয়াছেন যে এই সকল কর্ম্ম কলির আদিতে মহাত্মা মুনিগণ লোক রক্ষার্থ ব্যবস্থা পূর্ব্বক নিবর্ত্ত করিয়াছেন আর সাধু দিগের আচারও বেদের ন্যায় প্রমাণ হয় ইতি। যদিবল ঐ নিষেধ সাধুরা স্থির করিয়াছেন অতএব তাহা বেদমূলক নয়। উত্তর, ইহা উপরিগত বুদ্ধির কথা ফলত প্রবিষ্ট হইয়া বিবেচনা করিলে এ কোটির অবকাশ হয় না যেহেতু বচনার্থ এই যে মহাত্মা মুনিগণ বেদোক্ত যুগধর্ম্ম ব্যবস্থা পূর্ব্বক নিষেধ করিয়াছেন এই অর্থদ্বারা স্পষ্টত বেদমূলক বোধ হইতেছে। যদিবল পণ্ডিতেরাই নিষিদ্ধ করিয়াছেন সে নিষেধ বেদে নাই। উত্তর, বচনান্তরে আছে কোন২ পণ্ডিতেরা পূর্ব্বোক্ত কর্ম্মে যোগকাল কহেন এবং বচনান্তরে

আছে বিবাহ শুদ্ধি সকলেই বলেন ইত্যাদি বচনোক্ত বিষয় আপনকার কথানুসারে বেদমূলক হইতে পারেনা এবং উক্ত পুরাণের অপ্রামাণ্যও হয় যেহেতু তদুক্ত বিষয় যদি বেদ মূলক না হইল তবে তাহারও বেদমূলত্ব থাকে না বেদমূল কত্ব প্রযুক্তই পুরাণাদি শাস্ত্রের প্রামাণ্য ইহা কর্ম্ম ও ব্রহ্ম উভয় মীমাংসা শাস্ত্রে জৈমিনি সূত্রে ব্যক্ত আছে। বিশেষত উক্ত বচনে লোকরক্ষার্থ বলিয়া জানাইতেছেন যে অন্য যুগে বহুতর পুণ্যযুক্ত তেজস্বি ব্যক্তিরা যদিও অবিহিত কর্ম্ম করেন তথাচ তদ্দ্বারা লোকক্ষয় হয় না সে পাপ তাঁহারদের পুণ্য দ্বারাই ক্ষয় পায় কিন্তু কলিতে সকল ব্যক্তিই অল্প পুণ্যযুক্ত তাহারদের কৃত অশুভ কর্ম্ম দ্বারা লোক ক্ষয় হইতে পারে এজন্য লোকরক্ষার্থ নিবর্ত্ত করিয়াছেন। কলিযুগে ঋষিদিগের বাক্যদ্বারা বিধবাদিগের বিবাহ যে বেদমতে নিষিদ্ধ তাহার প্রতি সদাচার প্রমাণও আবশ্যক হয় কেননা মিতাক্ষরাধৃত বচনে কহে লোকে যে কর্ম্মকে দ্বেষকরে তাহা করিলে স্বর্গ হয়না এজন্য তাহা আচরণ করিবেকনা এই নিমিত্ত ঐ বচনে সদাচারেরও প্রামাণ্য কহিতেছেন যে নিবর্ত্তিত কার্য্যে সাধুরদিগের আচারও বেদের ন্যায় প্রমাণ হয় অতএব বিধবাবিবাহ নিষেধে বেদ এবং সদাচার উভয় প্রমাণ আছে এই অর্থ উক্ত বচনস্থ চকার ও অপিকার দ্বারা বোধ হইতেছে নতুবা তাহা দেওয়া ব্যর্থ হয়। এবং হোলাকাধিকরণ ন্যায় বশত এস্থলে সদাচার দ্বারা বেদ অনু

ষ্ঠান করিতে হয় যেমত স্মৃতি শাস্ত্রোক্ত নানা কর্ম্মে বেদ অনুমান করা যায়।

অতএব মদনপারিজাত ধৃত সারসংগ্রহ নামক গ্রন্থের নানা বচনে উপলব্ধি হইতেছে যে সর্ব্বত্র যুগধর্ম্ম যে প্রকার কথিত আছে তাহা গ্রহণ করিবেক এই কথার পর দেবর দ্বারা সন্তানোৎপাদন ও বানপ্রস্থাশ্রম এবং দত্তাক্ষতা কন্যার অন্য ব্যক্তিতে পুনর্দান ইত্যাদি ধর্ম্ম কলি যুগে বর্জনীয় পণ্ডিতেরা কহেন এই বচনে যথোদিত শব্দে বেদে যেপ্রকার কথিত এই অর্থই বোধ হইতেছে অতএব এ নিষেধ যে বেদমূলক তাহা অপহ্নব করা যাইতে পারেনা। তস্মাৎ কোন্ যুগের কিং ধর্ম্ম এই অপেক্ষায় দেবরদ্বারা সন্তানোৎপত্তি ইত্যাদি কহিয়াছেন। পরন্তু এই বচনে ভ্রান্ত ব্যক্তিরা এই নিষেধ প্রত্যক্ষ বেদ মূলক নয় বলিয়া যদি শঙ্কা করে তন্নিবারণার্থ বর্জ্যশব্দ প্রয়োগ করিয়াছেন সদাচার প্রমাণ করেন নাই অতএব মনুবচন ও কুল্লূকভট্ট কৃত তদ্ব্যাখ্যায় ব্যক্ত হয় বেণরাজার অধিকার কালাবধি যে ব্যক্তি শাস্ত্রার্থ না জানিয়া দেবরাদিতে মৃতভর্ত্তৃকাদি স্ত্রীকে সন্তানোৎপাদনার্থ নিয়োগ করে তাহাকে সাধুরা নিন্দা করেন ইতি। মৃতভর্ত্তৃকাদি এই আদিশব্দে দত্তা পুনর্ভূ স্বৈরিণী বিশেষান্তর স্ত্রীদিগেরও গ্রহণ কেননা বিরোধ নাই। পরন্তু শাস্ত্রার্থাজ্ঞানরূপ হেতু কহাতে বিধবার পুনর্বিবাহ না দেওয়া শাস্ত্রার্থজ্ঞান মূলক কহা হইল ইহাতে তৎকর্ত্তৃক ঐ নিষেধ বেদমূলক বলা হই

য়াছে। এবং ঐ ব্যাখ্যায় ইহাও বোধগম্য হইতেছে যে যাঁহারা বিধবার বিবাহাদি স্ত্রীধর্ম্ম বলিয়া ব্যবস্থা দেন তাঁহারদিগের শাস্ত্রার্থজ্ঞান নাই। অপর বার্হস্পত্য বচনে কথিত হয় যে সত্য ত্রেতা দ্বাপর যুগে মনুষ্যেরা তপস্বী ও দানশীল হয় কিন্তু বিধাতা কলিযুগের মনুষ্যেরদিগের শক্তি হানি করেন এই নিমিত্ত ঋষিগণ যে সকল পুত্র করণে ব্যবস্থা দিয়াছেন কলি যুগের মনুষ্যেরা শক্তিহীনতাপ্রযুক্ত এক্ষণে তাহা করিতে পারে না এই বচনার্থে পৌনর্ভব পুত্রকরণ নিষেধ প্রাপ্ত হওয়া যাইতেছে ইহাতে স্ত্রীদিগের পুনর্ব্বিবাহ নিষেধ যে বেদমূলক তাহাই প্রতিপন্ন হইয়াছে। পরন্তু মনুও সংক্ষেপ বিধি বাক্য দ্বারা ঐ কর্ম্মকে নিবৃত্ত করত স্পষ্টত বেদমূলক কহেন যথা সত্যযুগে এক প্রকার ধর্ম্ম, ত্রেতাযুগের প্রকারান্তর, দ্বাপরযুগে তদ্ভিন্নরূপ, কলিতে অপর প্রকার, যুগের হ্রাসানুসারে ধর্ম্ম ব্যবস্থা। এই বচনার্থে এক যুগের বিশেষ ধর্ম্ম অন্যযুগে আচরণীয় নয় এই বিধি কহিতেছেন। তত্তদ্যুগের মনুষ্যেরা তপস্যা দান তত্ত্বজ্ঞান ইত্যাদি দ্বারা মহাশক্তিশালি মুনি প্রযুক্ত বিধিনিষেধাতীত এ নিমিত্ত তাঁহারদিগের নিন্দিতাচরণেও ক্ষতি নাই কিন্তু এক্ষণকার মনুষ্যেরা তাদৃশ তপস্যাদি যুক্ত নহে ইহাতে ইহারদিগের যে নিন্দিতাচরণ তাহাতে মহা অনিষ্টই ঘটে ইহা দেখিবার যোগ্য।

যদিবল পূর্ব্বকালের সাধুরা যে সকল নিয়ম স্থির করিয়া দিয়াছেন তাহাতে যেমত প্রামাণ্য হইতেছে সেই প্রকার

যদি এক্ষণকার সাধুরা বিধবার বিবাহ ধর্ম্ম বলিয়া স্থির করেন তবে তাহার প্রামাণ্য না হয় কেন। উত্তর, একথা বিদ্বানের দিগের গ্রাহ্য নয় কেনমা বিধবার পুনর্ব্বিবাহ বিষয়ক ব্যবস্থা শাস্ত্রার্থজ্ঞানমূলক নয় ইহা পূর্ব্বেই প্রতিপন্ন হইয়াছে, আর কলিতে সাধুশব্দ প্রতিপাদ্য ব্যক্তিই সম্ভবে না দেখ মনু কহেন বিদ্বান্ সৎ দ্বেষরাগরহিত ব্যক্তিরা যে ধর্ম্মকে সেবা ও হৃদয়ে চিন্তা করেন তাহা বুদ্ধিগোচর কর, মেধাতিথি গ্রন্থকর্ত্তা এই শ্লোকের ব্যাখ্যান লেখেন বিদ্বান্‌শব্দে শাস্ত্রসংস্কৃত মতি হইয়া প্রমাণ ও প্রমেয়ের স্বরূপাভিজ্ঞানে কুশল এমত ব্যক্তি বেদার্থজ্ঞই হয় অন্যে হয় না, দ্বেষরাগপদে লোভাদিও কহিতে হয় অর্থাৎ রাগ দ্বেষ লোভ মোহাদি শূন্য, সতের এই দুই বিশেষণ যেহেতু বিদ্বান্ ও রাগ দ্বেষাদিদোষ রহিত সেইহেতু সৎ, কেননা এমত ব্যক্তিকেই সাধু কহা যায়। উক্ত বচনে যে নিত্য শব্দ আছে তদ্দ্বারা ধর্ম্মকে অনাদি বুঝাযাইতেছে। লুব্ধ দুঃশীলাদি ব্যক্তিরা যে ধর্ম্ম স্থাপন করে তাহা কিছুকাল লোকে ব্যবহৃত হইলেও তাহার পর বিনাশ পায় সহস্র যুগ পর্য্যন্ত থাকে না ইতি। ইহাতে সাধুর লক্ষণ এই উপলব্ধি হইতেছে যে রাগ দ্বেষ লোভ মোহ প্রমাদাদি দোষ রহিত হইয়া যে ব্যক্তি বেদার্থজ্ঞান কুশল হন তিনিই সাধু।

এইহেতু পরশুরামপ্রকাশ নামক গ্রন্থে ও আচারোল্লাসে ও প্রয়োগময়ূখে স্পষ্ট কথিত আছে যে সৎ অর্থাৎ শিষ্ট তাহার লক্ষণ বৌধায়ন কহেন শিষ্ট সেই সকল ব্যক্তি যাঁহারা মাৎসর্য্যশূন্য অহঙ্কাররহিত কুৎসিত দ্রব্য ভোজন করেন না লোভী নহেন সাক্ষাদ্বেদার্থ জ্ঞানযুক্ত এবং দম্ভ দর্প মোহ ক্রোধাদি বর্জ্জিত সেই শিষ্টের যে আচার তাহাই সদাচার ইহা হারীত কহিয়াছেন, সাধুনা দোষরহিত সৎশব্দে সাধু সেই সাধুর যে আচার তাহারি নাম সদাচার ইতি।

অতএব অন্যং মুনিরা ইদানীন্তন অর্থাৎ কলিযুগের মনুষ্যকে শক্তিহীন কহিয়াছেন। ধর্ম্মলক্ষণ প্রতিপাদক মনুবচনে সাধুসেবিত ও অনাদিপ্রবৃদ্ধরূপে ধর্ম্ম কথিত হন ইহাতে অসাধু সেবিত এবং অধুনাকৃত প্রযুক্ত বিধবার বিবাহ যে অধর্ম্ম ইহা স্পষ্ট কহা হইয়াছে তৎপ্রমাণ এই যে নিয়োগ এবং বিধবাবিবাহ উপক্রম করিয়া মনু কহেন, ইহা পশুধর্ম্ম ব্রাহ্মণ পণ্ডিতেরা ইহাকে নিন্দিত করিয়াছেন এবং ধর্ম্ম বেণরাজার রাজ্য শাসনাবধি মনুষ্য সম্বন্ধে চলিত হয়। কুল্লুকভট্ট এই বচনের ব্যাখ্যা করেন যেহেতু ইহা পশুসম্বন্ধী ধর্ম্ম এই নিমিত্ত মনুষ্যসম্বন্ধে বিদ্বানেরা ইহা নিন্দিত কহেন অধার্ম্মিক বেণ নামক রাজা রাজ্য করিতে প্রবর্ত্ত হইলে এই ধর্ম্ম কর্ত্তব্য বলিয়া খ্যাত হয় এজন্য বেণরাজাবধি প্রচলিত হওন প্রযুক্ত ইহা অনাদি ধর্ম্ম নয় ইহার আদি থাকিল এপ্রযুক্ত নিন্দনীয় ইতি। অতএব বিধবার বিবাহ অধার্ম্মিক বেণ রাজ কর্তৃক প্রবর্ত্ত্য

মান প্রযুক্ত আদিমান্ এবং বিদ্বানেরদিগের নিন্দনীয় হেতুক সর্ব্বদাই হেয়। বিধবার পুনর্বিবাহ বেণ রাজাবধি চলিতপ্রযুক্ত বেদদ্বারা প্রচলিত নহে ইহা স্পষ্ট বুঝাযাইতেছে অতএব ইহা বেদ মূলক নয়।

যদিবল বিধবার বিবাহ যদি বেণরাজাই চলিত করিয়া থাকেন তবে তাহা কিপ্রকারে শাস্ত্রবোধিত হওয়া সঙ্গত হইবেক। উত্তর, অসাধু ব্যক্তিরা শাস্ত্রোক্ত অসদ্ধর্ম্মকে সদ্ধর্ম্ম জ্ঞানে গ্রহণ করে, দেখ শাস্ত্রে অসদ্ধর্ম্ম ও সদ্ধর্ম্ম উভয়েরি উপদেশ করেন তাহার কারণ এই যে একের অনুষ্ঠান ও অন্যের জানা মাত্র কেননা সদাচার শিক্ষা নিমিত্ত অসদ্ধর্ম্ম জ্ঞানের আবশ্যক হয় তাহাতে অধার্ম্মিকেরা অসদ্ধর্ম্মই অনুষ্ঠানার্থ পরিগ্রহ করে তাহার দৃষ্টান্ত এই যে বেণ রাজা শাস্ত্রোক্ত অসদ্ধর্ম্ম যে বিধবার বিবাহ তাহাই পরিগ্রহণ করিয়াছিলেন। বিবেকটীকাতে কাত্যায়ন বচনে উক্ত আছে যে পরে ঋষি সকল ধর্ম্মের জ্ঞানার্থ ধর্ম্মাভাস নিরূপণ করিয়াছেন কিন্তু তাহা অনুষ্ঠেয় নয় ইতি।

মনু ইহা স্পষ্ট কহেন যে যেদেশে যেকুল ও জাতীয় ধার্ম্মিক অথচ সাধু দ্বিজাতি কর্তৃক যাহা আচরিত হইয়াছে তাহা সেই দেশে সেই কুল ও জাতীয়েরা অবাধে আচরণ করিবেক।

আর যদিবল ব্রহ্মচর্য্যা করিতে অসমর্থা বিধবার দিগের নানা দোষ দৃষ্ট হইতেছে এজন্য তাহার দিগের পুনর্ব্বার বিবাহ দেওয়া কর্ত্তব্য। উত্তর, ইহাও অত্যন্ত হাস্যাস্পদের

বিষয় যেমন শ্রীভাগবতে কহিয়াছেন পঙ্কদ্বারা পঙ্কজল ক্ষালন করা এবং সুরাদ্বারা সুরাযুক্ত দ্রব্য পবিত্র করা, অপর বৃশ্চিকভয়ে পলায়ন করিয়া কালসর্প মুখে পতিত হওয়া ইহাও সেই প্রকার কেননা বিধবার পুনর্ব্বিবাহে বহুতর দোষ ঘটনা হয় (ইহার আর অধিক লিখিবার আবশ্যক নাই) ।

অতএব যেহেতু উক্ত লিখন সন্দর্ভে বোধ হইতেছে স্ত্রীলোকের পুনর্বিবাহে পাতিত্য জন্মে ও দৈবপিতৃকর্ম্মে অধিকার থাকে না, বধার্হা হয়, বিবাহ সিদ্ধি হয় না, কুল অধম হয়, কুল বিনাশ পায়, সাধুদিগের অনাচরণীয় কর্ম্ম করা হয়, এবং তাহা অনাদি ধর্ম্ম নয়, ও বিদ্বানের দিগের অনাদরণীয়, একন্য তাহা সর্ব্বদেশ সর্ব্বজাতি সর্ব্বকুলের বিরুদ্ধ ও বেশ্যার ন্যায় ধর্ম্ম সেই হেতুক সাধুরা স্ত্রীদিগের পুনর্বিবাহ বিষয়ে কখন পোষকতা করিবেন না এই ব্যবস্থাই অতিসাধু ও সৎসম্মত ইতি।

সমাপ্ত। ।